

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিয়ষক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ ডিসেম্বর ২০১৫/ ০১ পৌষ ১৪২২

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪.১৯৯ বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচির বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরনের পরিস্থিতিতে বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সরকার নিম্নরূপ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি' গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

- |  |              |
|--|--------------|
| (১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ   | - আহ্বায়ক   |
| (২) যে সকল মন্ত্রণালয়ের মধ্যকার বিরোধ নিষ্পত্তি করা প্রয়োজন<br>সে সকল মন্ত্রণালয়ের সচিব বা তাঁর প্রতিনিধি | - সদস্য      |
| (৩) সচিব, আইন ও বিচার বিভাগ  | - সদস্য      |
| (৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের)  | - সদস্য      |
| (৫) যুগ্মসচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ  | - সদস্য সচিব |

(খ) কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট এবং বিশেষজ্ঞ-মতামত গ্রহণ করতে পারবে।

(গ) কমিটির কার্যপরিধি:


কমিটি একাধিক সরকারি প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(ঘ) উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষ আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আপিল করতে পারবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)  
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়  
প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০(দুইশত)  
কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪-১৯৯

তারিখ----- ০১ পৌষ, ১৪২২  
১৫ ডিসেম্বর ২০১৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, মন্ত্রিসভা ও রিপোর্ট অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৬। যুগ্ম সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,..... মন্ত্রণালয়  
(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। উপসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ(প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।→
- ৯। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মনজুর আহমেদ)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১১০৮১